



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



জরুরি

অতি গোপনীয়

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৮৭৯

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৮

২৪ মে ২০২১

বিষয়: খুলনা সিএসডির পরিবর্তে মহেশ্বরপাশা সিএসডিতে ১১১১.৯৩৯ মে.টন গম উত্তোলনের অনুমোদন প্রদান

সূত্র: চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ২৩/০৫/২০২১ খ্রি. তারিখের ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.১৭.২৩৮২ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনাস্থ ৭ নং ঘাটে ৮ খানা চাউল বোর্বাই কার্গোতে ৫০৭০ মে.টন এবং ৮ খানা গম বোর্বাই বার্জ/কার্গোতে ৩৭০০ মে.টন খালাসের অপেক্ষায় রয়েছে। ৭ নং ঘাটে গম খালাসের পয়েন্ট মাত্র ১টি। প্রচল্ড তাপদাহে শ্রমিকগণ খালাস কাজ করতে পারছে না এবং গরমে অসুস্থ হয়ে শ্রমিক সংখ্যা ক্রমশ: হ্রাস পাচ্ছে। ফলে চাল এবং গম একত্রে খালাস করার কারণে বর্তমানে খালাসের অপেক্ষায় থাকা গম খালাস সমাপ্ত হতে আরও ১৫ দিন লাগবে অপরদিকে মহেশ্বরপাশা সিএসডি ঘাটে ৪টি বার্জ/কার্গো ২৩০০ মে.টন গম খালাসের অপেক্ষায় রয়েছে। সেখানে খালাস পয়েন্ট ৩টি ফলে আগামী ২ দিনে অপেক্ষমান গম খালাস সম্পন্ন হবে। পত্রে আরও উল্লেখ করা হয়েছে, খুলনা মেজর কেরিয়ার সমিতি ও খুলনা আঞ্চলিক নৌ পরিবহণ ঠিকাদার সমিতির ২৩/০৫/২০২১ খ্রি. তারিখের আবেদন এবং দুটি খালাসের সরকারি স্বার্থে ৭ নং ঘাটে খালাসের অপেক্ষমান গম হতে কার্গো এমভি নাফিসা জাওয়াত এবং এমভি পূর্বাঞ্চল-৭ এ বোর্বাই ১১১১.৯৩৯ মে.টন গম খুলনা সিএসডির পরিবর্তে মহেশ্বরপাশা সিএসডিতে উত্তোলনের নির্দেশনা প্রদানের জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর প্রস্তাবমতে ৭ নং ঘাটে খালাসের অপেক্ষমান কার্গো এমভি নাফিসা জাওয়াত এবং এমভি পূর্বাঞ্চল-৭ এ বোর্বাই ১১১১.৯৩৯ মে.টন গম খুলনা সিএসডির পরিবর্তে মহেশ্বরপাশা সিএসডিতে উত্তোলনের প্রস্তাব নির্দেশক্রমে অনুমোদন করা হলো।

২৪-৫-২০২১

মোঃ ফজলে রাক্তী হায়দার  
উপপরিচালক

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের  
কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৮৭৯/১(৮)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৮

১০ মে ২০২১

সদয় অবগতি ও কার্যাত্মে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা ..... এলএসডি



২৪-৫-২০২১

মোঃ ফজলে রাবী হায়দার

উপপরিচালক